মুজিবনগরে বাগানের মধ্যে দিয়ে ট্রলি নিয়ে যেতে বাধা দেওয়ায় বাগান মালিককে কুপিয়ে জখম

মুজিবনগর উপজেলার মোনাখালী ইউনিয়নের ভবানীপুরে নিজস্ব লিচু বাগানের ক্ষতি করে ভিতর দিয়ে ট্রলি নিয়ে যাওয়ার প্রতিবাদ করতে গিয়ে বাগান মালিক ও ব্যাবসায়ী জিয়াউর রহমান মোল্লা নামের একজনকে কুপিয়ে জখম করেছে শিবপুর গ্রামের মুজিবর রহমান ও তাঁর লোকজন ।আহত জিয়াউর রহমান মোল্লা ভবানীপুর গ্রামের মৃত আহসান আলী মোল্লার ছেলে।

বুধবার সকাল সাড়ে ৯টার দিকে মুজিবনগর উপজেলা মোনাখালী ইউনিয়নের ভবানীপুর গ্রামে বাগান মালিক জিয়াউর রহমান মোল্লার নিজস্ব কাঁচামাল ব্যবসা প্রতিষ্ঠান মোল্লা ট্রেডার্সের সামনে এ ঘটনা ঘটে।

আহত জিয়াউর রহমান মোল্লা জানান প্রতিদিনের ন্যায় আজকেও তিনি তার নিজ ব্যবসা প্রতিষ্ঠান মোল্লা ট্রেডার্সে বসে ছিলেন কিন্তু হঠাৎ করে আচমকা শিবপুর গ্রামের রহমত আলীর ছেলে মজিবার ও আজাদের ছেলে হালিম এবং মতি গাজির ছেলে ফয়সাল সঙ্গীয় লাঠিয়াল বাহিনী দেশীয় অস্ত্র শস্ত্র নিয়ে আমাকে মারপিট করে এবং কুপিয়ে জখম করে আমার কাছ থাকা ২৫ হাজার ১০০ টাকা ছিনতায় করে নিয়ে পালিয়ে যায়।

আহত জিয়াউর রহমানের বড় ভাই হালিম মোল্লা জানান, খবর পেয়ে আমি সহ আশে পাশের লোকজন দৌড়ে গিয়ে দেখি আমার ভাই জিয়াউর রহমান পড়ে আছে আমি স্থানীয়দের সহযোগিতায় তাকে মুজিবনগর স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসি এবং তার চিকিৎসা করি।

মুজিবনগর স্বাস্থ্য কমপ্লেক্সের কর্তব্যরত চিকিৎসক জানান, জিয়াউর রহমান মোল্লার হাত কেটে যাওয়ায় ছয়টি সেলায় দেওয়া হয়েছে এবং প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়েছে।

এ বিষয়ে শিবপুর গ্রামের মতি গাজীর ছেলে ফয়সাল হোসেনের কাছে জানতে চাওয়া হলে তিনি বলেন, আমরা কচুর ব্যবসা করি। জিয়া মোল্লার বাগানের আইল দিয়ে ট্রলি যাওয়া আসা করে। ঘটনার দিন ট্রলি দিয়ে কচু আনতে যাওয়ার সময় জিয়া মোল্লা টলির চাকা এবং বেল্ট ধারালো

অস্ত্র দিয়ে কেটে দেয়। আমরা এ বিষয়ে তার কাছে জানতে গেলে সে ক্ষিপ্ত হয়ে আমাদের মারতে আসে এ সময় দুপক্ষের মধ্যে ধাক্কাধাক্কি হয়। পরে স্থানীয়রা এসে দুই পক্ষকে সরিয়ে দেয়। এ সময় আমরা চলে আসি। জিয়া মোল্লা আমাদের বিরুদ্ধে যে অভিযোগ করেছে যে হাতে কোপ মেরে কেটে দেওয়া হয়েছে এবং টাকা ছিনতাই করা হয়েছে এটা সম্পূর্ণ মিথ্যা ও বানোয়াট এরকম কোন ঘটনা সেখানে ঘটেনি। সে নিজেই নিজের হাত কেটে আমাদেরকে মিথ্যা মামলায় ফাঁসাতে চাচ্ছে।

হামলার ঘটনার বিষয়ে মুজিবনগর থানার অফিসার ইনচার্জ ওসি মেহেদী রাসেলের বলেন,বিষয়টি শুনেছি এবং ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছিল।এখনো কোন লিখিত অভিযোগ পায়নি। লিখিত অভিযোগ পেলে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

মুজিবনগরে রতনপুরে চার্চ অব বাংলাদেশের সেলাই মেশিন বিতরণ

মুজিবনগর উপজেলার রতনপুরে আর্থিক সচ্ছলতা আনতে মহিলাদের মাঝে চার্চ অব বাংলাদেশ কর্তৃক সেলাই মেশিন বিতরণ করা হয়েছে।

বুধবার সকাল সাড়ে ১১ টার সময় মধ্য ও দক্ষিণ বাংলাদেশ শিশু উন্নয়ন প্রকল্পের আয়োজনে, রতনপুরে মধ্য ও দক্ষিণ বাংলাদেশ শিশু উন্নয়ন প্রকল্পের সেমিনার কক্ষে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

প্রকল্প সভাপতি রেফারেন্স লরেন্স মৃত্যুঞ্জয় মন্ডলের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাগান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আইয়ুব হোসেন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বাগোয়ান ইউনিয়ন পরিষদের ৬ নম্বর ওয়ার্ড সদস্য বাবুল মল্লিক, স্থানীয় পুরোহিত রেভা: কর্নেলিয়াস মন্ডল, প্রকল্প ব্যবস্থাপক জেমস প্রবীর সরকার, প্রকল্প কমিটির সদস্য অসিত মল্লিক এবং মাধবী মন্ডল।

অনুষ্ঠানে মহিলাদের আয়বর্ধক হিসাবে প্রতিষ্ঠিত করতে ১৫ জনকে

কম্প্যাশন ইন্টারন্যাশনাল বাংলাদেশের আর্থিক সহযোগিতায় এসব সেলাই মেশিন প্রদান করা হয়।

মুজিবনগরে ভুয়া পশু চিকিৎসকের ৫০ হাজার টাকা জরিমানা

মেহেরপুরের মুজিবনগরে অভিযান চালিয়ে মোমিনুল ইসলাম নামের এক ভুয়া পশু চিকিৎসকের ৫০ হাজার টাকা জরিমানা আদায় করেছে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর।

আজ মঙ্গলবার দুপুর ১টার দিকে উপজেলার রশিকপুরে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, মেহেরপুরের সহকারী পরিচালক সজল আহমেদ এ অভিযান পরিচালনা করেন।

দণ্ডিত ভুয়া পশু চিকিৎসক মোহাম্মদ মোমিনুল ইসলাম, মুজিবনগরের রশিকপুর গ্রামের মোঃ মোসাদ আলী শেখের ছেলে।

মুজিবনগরে অভিযান পরিচালনা করেন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক সজল আহমেদ

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর,মেহেরপুরের সহকারী পরিচালক সজল আহমেদ জানান, অভিযোগ ছিল মোমিনুল ইসলাম দীর্ঘদিন ধরে কোন প্রকার সনদ ও চিকিৎসার স্বপক্ষে কোন ডিগ্রি ছাড়াই পশু চিকিৎসা করে যাচ্ছিলেন। তার প্রাণীসম্পদ অধিদপ্তর থেকেও নেই কোন অনুমতি। শুধুমাত্র ওয়েভ ফাউন্ডেশন থেকে কয়েক দিনের ছাগল পালন বিষয়ক প্রশিক্ষণ নিয়েই নেমে পড়েন পশু চিকিৎসায়।

এছাড়া বিভিন্ন সময়ে বেসরকারিভাবে গরুর কৃত্রিম প্রজনন বাবদ নির্ধারিত ফির বাইরে অতিরিক্ত টাকা নেয়ার অভিযোগ ছিল তার বিরুদ্ধে। পরিচালিত অভিযানে সহযোগিতা করেন উপজেলা প্রাণীসম্পদ অফিস ও পুলিশের একটি টিম।

অভিযানে উপস্থিত ছিলেন জেলা তথ্য অফিসার আব্দুল্লাহ আল মামুন, নিরাপদ খাদ্য অফিসার মোঃ রিয়াজ মাহমুদ, জেলা স্যানিটারি ইন্সপেক্টর মোঃ তাজিমুল হক।

মুজিবনগরে শেখ কামালের জন্মবার্ষিকী উদযাপনের প্রস্তুতি সভা অনুষ্ঠিত

মুজিবনগরে ৫ই আগষ্ট জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জ্যেষ্ঠ পুত্র বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামালের ৭৩ তম জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে।

সোমবার সকালে মুজিবনগর উপজেলা প্রশাসনের আয়োজনে, মুজিবনগর উপজেলা পরিষদ মিলনায়তনে এ প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়।

মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকারের সভাপতিত্বে, প্রস্তুতি সভায় উপস্হিত ছিলেন মুজিবনগর উপজেলা চেয়ারম্যান জিয়াউদ্দিন বিশ্বাস,মুজিবনগর থানা ইনচার্য ওসি মেহেদি রাসেল,উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার ডা: আসাদুজ্জামান,উপজেলা কৃষি অফিসার আনিছুজ্জামান খান, উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ,উপজেলা ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা,মহিলা ভাইস চেয়ারম্যান আফরোজা খাতুন, উপজেলা সমাজসেবা অফিসার আব্দুর রব সহ বিভিন্ন স্কুলের প্রধান শিক্ষক,উপজেলা প্রশাসনে কর্মকর্তা বৃন্দ। সভায় বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামাল এর ৭৩ তম জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষে বিভিন্ন কর্মসূচি পালনের সিন্ধান্ত গ্রহর করা হয়।

মুজিবনগরে প্রাইভেট কারের ধাক্কায় বৃদ্ধ আহত

মেহেরপুর-মুজিবনগর সড়কের মোনাখালি গ্রামে প্রাইভেট কারের ধাক্কায় আজিল হক (৭০) নামের এক বৃদ্ধ আহত হয়েছেন। আজিল হক মোনাখালি গ্রামের উত্তরপাড়া এলাকার জামাল মালিথার ছেলে।

আজ সোমবার (১ আগষ্ট) বেলা সাড়ে ১১ টার দিকে এ সড়ক দূর্ঘটনাটি ঘটে। আজিল হক বর্তমানে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। তবে তার অবস্থা আশংকাজনক।

প্রত্যক্ষদর্শী ফারুক হোসেন বলেন, আজিল হক রাস্তার পাশ দিয়ে বাইসাইকেল চড়ে বাজার থেকে বাড়ি ফিরছিলেন। এসময় মেহেরপুর থেকে মুজিবনগর গামী একটি প্রাইভেট কার বিপরীত থেকে আসা অপর একটি মোটরসাইকেল আরোহীকে বাঁচাতে গিয়ে বাইসাইকেল আরোহী আজিল উদ্দীনকে ধাক্কা দেয়। আজিল উদ্দীন ও বাইসাইকেলটিকে প্রাইভেট কারের সামনের বাম্পারের সাথে তুলে টেনে হিচড়ে নিয়ে চলে যায়। এসময় বাইসাইকেলটির ধাক্কায় প্রাইভেট কারের সামনের গ্লাস ভেঙ্গে গেছে।

মুজিবনগর থানার এস আই আযম বলেন, দূর্ঘটনা কবলিত প্রাইভেট কারটি পুলিশ হেফাজতে নেয়া হয়েছে। এছাড়া আহত আজিল উদ্দীনকে উদ্ধার করে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে।

মুজিব আদর্শের দুর্গ হিসাবে মেহেরপুরকে গড়ে তোলা হবে-জনপ্রশাসন প্রতিমন্ত্রী

আমাদের এই মুজিবনগর জাতির পিতার নামে নামাঙ্কিত বাংলাদেশের প্রথম রাজধানী। বাংলাদেশের প্রথম সরকারের শপথ গ্রহণের পবিত্র জায়গা। অতএব জাতির পিতার নামে এই জায়গাটি সেই মুজিবের সংগঠন বাংলাদেশ

আওয়ামী লীগের সহযোগী সংগঠন তা হচ্ছে বাংলাদেশ কৃষকলীগ অতএব আমি আশা করব জাতির পিতার নামের যে পবিত্রতা রয়েছে প্রথম রাজধানীর এই মাটি প্রথম সরকারের শপথ গ্রহনের পবিত্র জায়গা অতএব আমাদের উপরে অনেক দায়দায়িত্ব রয়েছে এবং সেটি হচ্ছে মুজিবের আদর্শের দুর্গ হিসাবে উন্নত সমৃদ্ধশালী জনপদ হিসাবে মুজিবনগর তথা মেহেরপুরকে গড়ে তোলা।

গতকাল শনিবার বিকেলে মুজিবনগর মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্স অডিটোরিয়ামে মুজিবনগরে উপজেলা কৃষক লীগের ত্রি-বার্ষিক সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন, বাংলাদেশ সরকারের জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী মেহেরপুর জেলা আওয়ামী লীগের সভাপতি ফরহাদ হোসেন এমপি।

তিনি আরো বলেন, এই সম্মেলনের মধ্য দিয়ে মুজিবনগর উপজেলা কৃষকলীগ আগামী দিনে আরো শক্তিশালী সংগঠন হিসাবে গড়ে উঠবে। আমি চায় যে এই কৃষকলীগ বঙ্গবন্ধুর হাতে গড়া এই কৃষক আমরা যদি এই কৃষকলীগের ভাল নেতৃত্ব তৈরি করতে পারি তাহলে আমরা ক্ষৃকের কাছাকাছি পৌঁছাতে পারবো এবং প্রধানমন্ত্রীর বার্তা ও নির্দেশনা এবং কৃষির উন্নয়ন গুলো তাদের কাছে আমরা পৌঁছাতে পারব।

আমরা কৃষকদের সমস্যার কথা এবং কৃষকদের আরও কিভাবে উন্নয়ন করতে পারি কৃষকদের সেবার মান আরো কিভাবে বাড়াতে পারি সেটাও কিন্তু আমরা কৃষকদের কাছ থেকে জানতে পারি।

মুজিবনগর উপজেলা কৃষকলীগের সাধারণ সম্পাদক মনিরুজ্জামান টিটুর সঞ্চালনায় এবং মুজিবনগর উপজেলা কৃষকলীগের সভাপতি নজরুল ইসলাম মন্ডলের সভাপতিত্বে, উদ্বোধক হিসেবে ছিলেন বাংলাদেশ কৃষক লীগ কেন্দ্র কমিটির সহ-সভাপতি এবং মেহেরপুর জেলা কৃষক লীগের সভাপতি মাহবুব উল আলম শান্তি। প্রধান বক্তা হিসেবে ছিলেন, মেহেরপুর জেলা কৃষক লীগের সাধারণ সম্পাদক ওয়াসিম সাজ্জাদ লিখন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান এম এ খালেক, বাংলাদেশ কৃষক লীগের সিনিয়র সহ-সভাপতি বীর মুক্তিযোদ্ধা আলহাজ্ব শরিফ আশরাফ আলী, জেলা আওয়ামী লীগের যুগ্ন সম্পাদক এডভোকেট ইব্রাহিম শাহীন,মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা, সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ, বাংলাদেশ কৃষক লীগের সাংগঠনিক সম্পাদক নাজমুল ইসলাম পানু,কুঠি শিল্প বিষয়ক

সম্পাদক শাহিনুর রহমান, কৃষিবিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক কৃষিবিদ আশরাফুল ইসলাম স্বপন, সাংস্কৃতিক বিষয়ক সম্পাদক হালিমা রহমান, বেসরকার সংস্থা বিষয়ক সম্পাদক মিরুল ইসলাম, সহ প্রচার ও প্রকাশনা বিষয়ক সম্পাদক নুরুল ইসলাম বাদশা। ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মোস্তাকিম হক খোকন কমান্ডার, বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আইয়ুব হোসেন, মুজিবনগর উপজেলা শ্রমিক লীগের সভাপতি আবুল কালাম, বাগোয়ান ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক ও ইউপি সদস্য বাবুল মল্লিক।

যুবনেতা হাসানুজ্জামান লালটু, উপজেলা স্বেচ্ছাসেবক লীগের সহ-সভাপতি মতিউর রহমান মতিন। সম্মেলনে আওয়ামী লীগ, কৃষক লীগ, স্বেচ্ছাসেবক লীগ, ছাত্রলীগের নেতৃকর্মীবৃন্দ উপস্হিত ছিলেন।

সম্মেলনের প্রথম অধিবেশন শেষে সর্বসম্মতি কমে আগামী তিন বছরের জন্য জাহিদ হাসান রাজীবকে মুজিবনগর উপজেলা কৃষকলীগের সভাপতি ও শাহিনুর রহমান মানিককে সাধারণ সম্পাদক এবং আরোজ আলীকে সাংগঠনিক সম্পাদক হিসেবে ঘোষণা দেওয়া হয়।

মুজিবনগরে পৃথকভাবে জয়ের জন্মদিন এবং সেচ্ছাসেবকলীগের প্রতিষ্ঠা বার্ষিকী পালিত

মুজিবনগরে পৃথক পৃথক ভাবে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর দৌহিত্র এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনার পুত্র এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক উপদেষ্টা, সজীব ওয়াজেদ জয়ের জন্মদিন এবং বাংলাদেশ আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের ২৮তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে কেক কাটা ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

এই উপলক্ষে বুধবার বিকেলে মুজিবনগর মুক্তিযোদ্ধা স্মৃতি কমপ্লেক্স পিডব্লিউডিআই রেস্ট হাউসে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

বাংলাদেশ আওয়ামী স্বেচ্ছাসেবক লীগ মুজিবনগর উপজেলা শাখার সহ-সভাপতি মতিউর রহমান মতিনের নেতৃত্বে ও সভাপতিত্বে ছাত্র নেতা গাজী স্বপন এর সঞ্চালনায়, কেক কাটা ও আলোচনা সভায় উপস্থিত থেকে বক্তব্য রাখেন, সেচ্ছাসেবকলীগের (সাবেক) যুগ্ম আহ্বায়ক হাসানুজ্জামান লালটু, দারিয়াপুর ইউনিয়ন সেচ্ছাসেবকলীগের সভাপতি শাহাজান সিরাজ দোলন, মহাজনপুর ইউনিয়ন সেচ্ছাসেবকলীগের সভাপতি শেখ রাসেল,জেলা ছাত্রলীগের সহ-সভাপতি, শাহ ওয়ালিউল্লাহ সোহাগ।

সাবেক ছাত্রনেতা মামুনুর রশিদ। এ সময় উপজেলা ইউনিয়ন ও ওয়ার্ড স্বেচ্ছাসেবক লীগের নেতাকর্মীবৃন্দ উপস্হিত ছিলেন।
আলোচনা সভার শেষে কেক কেটে সজীব ওয়াজেদ জয় এর জন্মদিন এবং সেচ্ছাসেবক লীগের প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন করা হয়।

অপরদিকে বাংলাদেশ আওয়ামী স্বেচ্ছাসেবক লীগ মুজিবনগর উপজেলা শাখার সভাপতি বেলাল হাসান বিপ্লব এবং সাধারণ সম্পাদক আরিফ শাহ এর নেতৃত্বে সজীব ওয়াজেদ জয়ের জন্মদিন এবং স্বেচ্ছাসেবক লীগের প্রতিষ্ঠাবার্ষিকী পালন করা হয়।

দিবসটি পালন উপলক্ষে বিকেলে মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্স পর্যটন মোটেলে কেক কাটা ও আলোচনা সভার আয়োজন করা হয়।

মুজিবনগর উপজেলা শাখা স্বেচ্ছাসেবক লীগের সভাপতি বেলাল হাসান বিপ্লবের সভাপতিত্বে এবং উপজেলা শাখা স্বেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক আরিফ শাহ এর সঞ্চালনায় উপস্থিত থেকে বক্তব্য রাখেন, উপজেলা সেচ্ছাসেবকলীগের দপ্তর সম্পাদক অসিম মন্ডল, বাগোয়ান ইউনিয়ন সেচ্ছাসেবকলীগের সাধারণ সম্পাদক ওমর আলী, মোনাখালি ইউনিয়ন সেচ্ছাসেবকলীগের সাধারণ সম্পাদক হাবিব।

এ সময় স্বেচ্ছাসেবক লীগের মুজিবনগর উপজেলা শাখার নেতৃকর্মীবৃন্দ উপস্থিত ছিলেন। আলোচনা সভা শেষে কেক কাটার মধ্য দিয়ে সজীব ওয়াজেদ জয়ের জন্মদিন এবং স্বেচ্ছাসেবক লীগের প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন করা হয়।

এক ঘন্টার বৃষ্টিতে পানিতে ভাসল ব্যবসায়ীদের সব্জী

দীর্ঘ অনাবৃষ্টির পর এক ঘন্টার ঝুম বৃষ্টিতে তলিয়ে গেলো মুজিবনগরের কেদারগঞ্জ সাপ্তাহিক হাট।

কেদারগঞ্জ হাটের ইজারাদার ও স্থানীয় ইউপি সদস্য রাকিবুল ইসলাম বলেন, বেলা ১২ টার দিকে সব্জী ও মাছ ব্যবসায়ীরা প্রতিদিনের মতই ব্যবসা শুরু করেন। স্থানীয় ক্রেতারাও আসতে শুরু করেন হাটে। বেচা কেনা যখন জোরে শোরে শুরু হয়েছে। বেলা ৩ টার দিকে ঝুম বৃষ্টি শুরু হয়ে প্রায় ঘন্টা ব্যাপি চলে। বৃষ্টির সময়ে ব্যবসায়ীরা তাদের চোটের মালামাল তুলে নিয়ে নিরাপদ স্থানে আসতে পারেনি। ব্যবসায়ীদের আলু, পটল, কাঁচা মরিচ, শাক সব্জীসহ অন্যান্য কাঁচা মাল হাটু পানিতে ভাসতে থাকে।পরে ৪ টার দিকে বৃষ্টি থেমে গেলেও হাটু পানি জমে থাকে হাটে। কোনো উপায়ন্তর না পেয়ে হাটু পানিতে দাঁড়িয়ে ক্রেতা ও বিক্রেতারা ক্রয় বিক্রয় চালিয়ে নেন।

তিনি অভিযোগ করেন, সরকারকে প্রতি বছর ভ্যাটসহ প্রায় ৩ লাখ টাকা দিয়ে হাট ডাকতে হয়। অথচ, হাটের কোনো উন্নয়ন নেই। এখানে সরকারিভাবে একটি টিউবওয়েল ও দুই টি গণসৌচারাগর স্থাপন করা হলেও টিউবওয়েল ও সৌচাগার অকেজো হয়ে যাওয়ায় ক্রেতা বিক্রেতারা উভয়ে সমস্যায় পড়ছে প্রতিনিয়ত। হাটটিতে প্রায় ৩ শতাধিক ব্যবসায়ী ব্যবসা করলেও এখ্যানে শেড রয়েছে মাত্র একটি। যেখানে মাত্র কয়েকজন সব্জী বিক্রেতা ব্যবসা করতে পারেন।অনেক আগে হাটের মধ্যে মাত্র একটি ড্রেন নির্মাণ হলেও সেটি এখন আর পানি নি:স্কাশন হয়না। মাছ ব্যবসায়ীদের ময়লা পানি যাওয়ার ফলে ড্রেনটি প্রায় মৃতু হয়ে পড়েছে।এবিষয়গুলো নিয়ে মুজিবনগর ইউএনওকে বারবার মৌখিক আবেদন করার পরেও হাটটির উন্নয়নে কোনো ব্যবস্থা নেওয়া হয়নি।

সব্জী ব্যবসায়ী সাইফুল ইসলাম বলেন, প্রায় ২৫ বছর ধরে এই হাটটিতে ব্যবসা করছি আমি।এই প্রথম হাটটি পানিতে ডুবে গেছে। এখানে একটি ড্রেন থাকলেও মৎস্য আড়তের ময়লা পানি ফেলার ফলে ড্রেনটি প্রায় বন্ধ হয়ে গেছে। এটি সংস্কার করার দাবী করেন এই ব্যবসায়ী।মাছ ব্যবসায়ী নাজিরাকোনা গ্রামের জহির হোসেন বলেন,

আমি এই হাটে বসে ২৫ বছর মাছের ব্যবসা করি। এই প্রথম হাটু পানি জমে যাওয়া দেখলাম। তিনি বলেন, এখানে নিয়মিত কর দিলেও কোনো উন্নয়ন চোখে দেখিনি। হাটে পানি জমার কারণে ক্রেতা আসছেনা। আজকে বেচাকেনাও নেই।

স্থানীয় ক্রেতা বাগোয়ান গ্রামের নুরুল ইসলাম বলেন, সব কিছুই ভিজে গেছে। এই ঝাল পেয়াঁজ কিনলে রাতের মধ্যেই পচে নষ্ট হয়ে যাবে।

মানিকনগর গ্রামের ক্রেতা রসুল শেখ বলেন, কাঁদার মধ্যে বাজার করা সম্ভব নয়। এছাড়া পানির উপর ভাসছে আলু পটুলসহ অন্যান্য সব্জী। এই সব্জী কিনে বাড়িতে নিয়ে যাওয়া যাবেনা। তাই বাজার না করেই ফিরে যাচ্ছি।

আকাশ রহমান ও গৌরিনগর গ্রামের রমজান আলী বলেন, পানির বিড়ম্বনার কারণে বাজার না করেই ফিরছি। বাজারের সব্জী কিনলে পচে যাবে।

সব্জী ব্যবসায়ী লিটন হোসেন, নওশাদ আলী ও আব্দুল কাদের বলেন, যখন ব্যবসা শুরু হবে, ঠিক সেই সময় বৃষ্টি শুরু হয়েছে। বৃষ্টিতে ক্রেতারা পালিয়ে গেলেও আমাদের সব সব্জীই নষ্ট হয়ে গেছে। কিছুটা বিক্রি করতে পারলেও অধিকাংশ সব্জীই পচে যাবে।

হাটটির সমস্যা নিয়ে মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকারের সাথে যোগাযোগ করা হলে তিনি বলেন, হাট বাজার রক্ষাণা বেক্ষণ ও সংস্কার কমিটির সভাপতি স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান। এছাড়াও কিছু সংগঠণ ও বেসরকারী উন্নয়ন সংগঠণগুলোও কাজ করেন। প্রতি বছরই চেয়ারম্যানদের কাছ থেকে হাট বাজারগুলোর সংস্কার ও উন্নয়নের জন্য চাহিদা চাওয়া হয়। তাদের দেওয়া চাহিদা অনুযায়ী সেসব হাট বাজারের উন্নয়ন প্রকল্প গ্রহণ করা হয়। কেদারগঞ্জ হাটটির সভাপতি ও বাজারের ইজারদারদের সাথে কখা বলে ব্যবস্থা নেওয়া হবে।

মুজিবনগরে শারীরিক প্রতিবন্ধী আকালির নতুন যাত্রা…

ফ্রান্সিস দফাদার ওরফে আকালি। মুজিবনগর উপজেলার বাগোয়ান গ্রামের শারীরিকভাবে অসুস্থ। জীবন যুদ্ধে ক্লান্ত আকালির যাপিত জীবনে পাশে হয়তো অনেকেই দাড়িয়েছেন বিচ্ছিন্নভাবে, কিন্তু তা তার দারিদ্র্যের যবনিকা টানতে পারেনি।

আত্মমর্যাদার সাথে আয়বর্ধনকারী কাজের সংস্থান ছিলো আকালির একমাত্র লালিত স্বপ্ন। সেই স্বপ্ন সত্যি করতে দশ হাজার টাকা মুদি সামগ্রী কিনে দিয়ে দোকান চালিয়ে জীবন সংগ্রামে সহযোগীতা করেছে উপজেলা প্রশাসন।

মেহেরপুর জেলা প্রশাসক ড. মুনসুর আলম খান এঁর আর্থিক সহায়তায় ও পরামর্শে মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকারের তত্ত্বাবধানে, ফ্রান্সিস দফাদার ওরফে আকালির নতুন পথযাত্রা শুরু হয়েছে।

মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা সুজন সরকার বলেন, মেহেরপুরের মুজিবনগরের উন্নয়নের রুপকার জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন, যিনি প্রশাসনের সকল শুভ কাজের অনুপ্রেরণা। তারই অনুপ্ররণায় এবং প্রশাসনের সহযোগীতায়, শারীরিক প্রতিবন্ধী আকালিকে জীবন সংগ্রামে নতুন যাত্রা শুরু হলো।

আকালির সাথে কথা বলে জানা যায়, তার চাহিদা মোতাবেক দোকানের জন্য তাকে দশ হাজার টাকার বিভিন্ন মুদি সামগ্রী জেলা প্রশাসনের পক্ষ থেকে কিনে দেয়া হয়েছে। সহযোগীতার জন্য, প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন, জেলা প্রশাসক ও মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তাকে ধন্যবাদ ও কৃতজ্ঞত জানান।

মুজিবনগরে কম্পিউটার এন্ড ডেইলী শপে ভয়াবহ অগ্নিকাণ্ড

মুজিবনগর উপজেলা শহরের তিশা কম্পিউটার এন্ড ডেইলী শপ নামের একটি বড় দোকানে ভয়াবহ অগ্নিকাণ্ডের ঘটনায় নগদ টাকা সহ প্রায় ৭/৮ লক্ষ টাকার ক্ষতি হয়েছে ।

রবিবার দিবাগত রাত আনুমানিক ৩ টার দিকে মুজিবনগর ব্রাক অফিসের পাশে তিশা কম্পিউটার এন্ড ডেইলী শপে এই ভয়াবহ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে।

দোকানের মালিক সামসুজ্জোহা জানান, দোকানের মালামাল, নগদ টাকা, ফ্রীজ, টেলিভিশনসহ ৭/৮ লক্ষ টাকার মালামাল পুড়ে ভস্মিভূত হয়েছে। তিনি বলেন, আমি দক্ষ ইলেক্টিশিয়ান দিয়ে আমার এই দোকানের ওয়্যারিং করিয়েছি। বিদ্যুতের শর্টসার্কিট হওয়ার কোনো সম্ভাবনা নেই। কেউ শত্রুতা বসত দোকানে আগুন দিতে পারে।

সামসুজ্জোহা বলেন, আমি গতরাত সাড়ে ১০ টার দিকে মেহেরপুরে থেকে ওষধ নিয়ে এসে দোকানে রেখে বাড়ি যায়। ভোররাত ৪ টার দিকে হাসান নামের একজন প্রতিদিন আমার দোকানের লাইট বন্ধ করেন। আজকেও সে লাইট বন্ধ করতে এসে দোকানের মধ্যে থেকে পোড়া গন্ধ পেয়ে আমাকে খবর দেন। পরে দোকানে এসে দেখি আমার দোকানের সব শেষ। পুড়ে গেছে আমার জীবনের সব কিছু।

ফায়ার সার্ভিসের একটি টীম আসলেও কোনো কিছুই অবশিষ্ট পাননি। তবে ফায়ার সার্ভিসের প্রাথমিক ধারণা বিদ্যুতের শর্টসার্কিট থেকেই অগ্নিকান্ডের সূত্রপাত হতে পারে।

মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেল ঘটনার সত্যতা জানিয়েছেন। তিনি বলেন, খবর পেয়ে পুলিশের একটি টীম ঘটনাস্থল গিয়েছে।